বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

দৈনিক প্রভাত 29

তারিখ 24 JUN 1989
পৃষ্ঠা 3 কলাম 4

৮

24 JUN 1989

# ফটোষ্ট্যাটের দোকান হইতে পরীক্ষার খাতা আটক মাদ্রাসা ছাত্র গ্রেফতার

সিরাজগঞ্জ সংবাদদাতার টেলিফোন : সিরাজগঞ্জ সদর থানা পুলিশ গত বৃহস্পতিবার জেলা শহরের ধানবান্দি এলাকায় একটি ফটোষ্ট্যাটের দোকানে চলতি মাদ্রাসা শিক্ষক বোর্ডের পরীক্ষার

(৫ম পৃঃ দ্রঃ)

## ফটোষ্ট্যাটের দোকান হইতে

(৩য় পৃঃ পর)

খাতা ফটোষ্ট্যাট করার সময় কয়েকটি মূল খাতা ও ফটোষ্ট্যাট কপি করা বেশ কিছু খাতা আটক ও আবদুল বাতেন নামে সিরাজগঞ্জ আলীয়া মাদ্রাসার একজন ছাত্রকে গ্রেফতার করিয়াছে। গ্রেফতারকৃত আবদুল বাতেনের স্বীকারোক্তি অনুযায়ী জানা যায়, চলতি মাসের গোড়ার দিকে পরীক্ষা শুরুর সময় হইতেই পরীক্ষার দিনগুলিতে পরীক্ষা কেন্দ্র হইতে কিছু মূল খাতা বাহিরে চলিয়া আসিতেছে। ফটোষ্ট্যাট কপি হইয়া কপি করা খাতাগুলি কেন্দ্রে ফিরিয়া গেলে পূর্ব হইতে 'বিশেষ ব্যবস্থা' করা কিছু পরীক্ষার্থীকে ফটোষ্ট্যাটের ঐ খাতা সরবরাহ করা হইতেছে। আর এদিকে বাহিরে থাকিয়া যাওয়া মূল খাতার জন্য পরীক্ষাকেন্দ্র হইতে চলিয়া আসিতেছে প্রশ্নপত্র। একই ধরনের 'বিশেষ ব্যবস্থায়' বাহিরের ঐসব খাতায় প্রশ্নপত্র অনুযায়ী সুন্দরভাবে উত্তর লেখা হইয়া গেলে পরীক্ষা কেন্দ্রে গিয়া নির্দিষ্ট পরীক্ষার্থীদের নামে জমা হইতেছে। সিরাজগঞ্জ আলীয়া মাদ্রাসা কেন্দ্রের কয়েকজন শিক্ষক ও পরিদর্শক এই সকল কাজের সহিত জড়িত বলিয়া গ্রেফতারকৃত ছাত্রটি পুলিশকে জানাইয়াছে। এদিকে পুলিশের হাতে খাতা আটকের ঘটনার পর পরই আলীয়া মাদ্রাসা কেন্দ্রের অধিকাংশ পরিদর্শক পরীক্ষা কেন্দ্রের দায়িত্ব ফেলিয়া পলায়ন করে। এব্যাপারে সদর থানায় মামলা দায়ের করা হইয়াছে। পুলিশ কেন্দ্রের পরিদর্শকদের খুঁজিতেছে।